



বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সম্ভাব্য বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (ফেনী, চট্টগ্রাম, লালমনিরহাট ও নীলফামারী জেলার জন্য)

বুলেটিন নং ১০৫

প্রকাশের তারিখ: ০২/১০/২০২৫

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সতর্কবার্তা (০২.১০.২০২৫) অনুযায়ী চট্টগ্রাম বিভাগের গোমতী, মুহুরী, সেলোনিয়া ও ফেনী নদীসমূহের পানি সমতল আগামী ০২ দিন বৃদ্ধি পেতে পারে। এ সময়ে মুহুরী, সেলোনিয়া ও ফেনী নদীসমূহ ফেনী জেলায় বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হতে পারে এবং উক্ত নদীসংলগ্ন নিম্নাঞ্চলসমূহে স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে; অপরদিকে ফেনী নদী চট্টগ্রাম জেলায় সতর্কসীমায় প্রবাহিত হতে পারে এবং নদীসংলগ্ন নিম্নাঞ্চলসমূহ সাময়িকভাবে প্লাবিত হতে পারে। এছাড়াও রংপুর বিভাগের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল আগামী ০৩ দিন বৃদ্ধি পেতে পারে। এ সময়ে তিস্তা নদী সতর্কসীমায় প্রবাহিত হতে পারে এবং লালমনিরহাট ও নীলফামারী জেলার উক্ত নদীসংলগ্ন নিম্নাঞ্চলসমূহ সাময়িকভাবে প্লাবিত হতে পারে। বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দণ্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শসমূহ প্রদান করা হলো:

- জমির চারপাশের আইল উঁচু করে দিন
- ধানের জমির চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন
- জমি থেকে অতিরিক্ত পানি বের হয়ে যাওয়ার জন্য নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন
- সেচ, সার, বালাইনাশক প্রয়োগ বন্ধ রাখুন
- শীতকালীন সবজি বপন স্থগিত রাখুন
- পরিপক্ক সবজি দ্রুত সংগ্রহ করে ফেলুন
- কলা ও দণ্ডায়মান সবজিতে খুঁটির ব্যবস্থা করুন
- আখে প্রপিং করুন
- হাঁস মুরগী ও গবাদি পশু উঁচু জায়গায় নিয়ে যাওয়ার ব্যবস্থা করুন
- পুকুরের চারপাশে উঁচু করে বাঁধ দিন। সম্ভব হলে জাল অথবা বাঁশের চাটাই দিয়ে পুকুর ঘিরে দিন যাতে বন্যার পানিতে মাছ ভেসে যেতে না পারে।

০২/১০/২০২৫

(উর্মা আহসান)

উপপরিচালক (বামিস ইউনিট)

পরিচালকের পক্ষে